**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ১০ ফেব্রুয়ারি ২০১৬, ২৮ মাঘ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ন্যায়বিচার প্রতিষ্ঠায় নিষ্ঠার সঙ্গে কাজ করুন : আইনজীবীদের প্রতি রাষ্ট্রপতি
২। ২ হাজার ৮৬৫ কোটি টাকার আট প্রকল্প একনেকে অনুমোদন
৩। দেশে জিকা ভাইরাস সংক্রমণের আশংকা নেই
আক্রান্তদের চিকিৎসা ব্যয় বহন করবে সরকার : স্বাস্থ্যমন্ত্রী
৪। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন কাঠামো সমস্যার সমাধান খুব শীঘ্রই : শিক্ষামন্ত্রী
৫। সরকারি ক্রয় প্রক্রিয়া অনলাইনে নিশ্চিত করা হবে : পরিকল্পনামন্ত্রী
৬। বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় বেড়ে ১৩১৬ ডলারে দাঁড়িয়েছে
৭। জনগণের ওপর পুলিশের অহেতুক কর্তৃত্ব চলবে না : আইজিপি
৮। সংসদীয় কমিটির বৈঠকে তেলের দাম কমানোর জন্য পর্যালোচনার সুপারিশ
৯। দেশের প্রাথমিক শিক্ষা উন্নয়নে ৩১ কোটি টাকা দেবে জাইকা
১০। এইচএসসি পরীক্ষা ৩ এপ্রিল শুরু
১১। বাংলাদেশের ৪৯ শতাংশ স্কুল শিক্ষার্থী সাইবার হয়রানির শিকার হয়
: নিরাপদ ইন্টারনেট গবেষণার প্রতিবেদন

চলমান পাতা-২

১। **ন্যায়বিচার প্রতিষ্ঠায় নিষ্ঠার সঙ্গে কাজ করুন : আইনজীবীদের প্রতি রাষ্ট্রপতি**

মামলা নিষ্পত্তির ক্ষেত্রে আইনজীবীদের ভূমিকা গুরুত্বপূর্ণ মন্তব্য করে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ন্যায়বিচার প্রতিষ্ঠায় নিষ্ঠার সঙ্গে কাজ করার জন্য আইনজীবীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার বাংলাদেশ বার কাউন্সিলের ১০ সদস্যের প্রতিনিধি দল বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,৩ ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

২। **২ হাজার ৮৬৫ কোটি টাকার আট প্রকল্প একনেকে অনুমোদন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ৮টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে ২ হাজার ৮৬৫ কোটি টাকা। এর মধ্যে পানি ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্পে তৃতীয় সংশোধনী অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠক শেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এসব তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **প্রথম আলো** (পৃ.১২ ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১ ক.২)।

৩। **দেশে জিকা ভাইরাস সংক্রমণের আশংকা নেই**

**আক্রান্তদের চিকিৎসা ব্যয় বহন করবে সরকার : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, বাংলাদেশে জিকা ভাইরাস সংক্রমণের কোনো আশংকা নেই। তারপরও এই ভাইরাস প্রতিরোধে সর্বোচ্চ প্রস্তুতি নিয়ে এগোচ্ছে সরকার। জিকা ভাইরাস আমাদের দেশে কোনোভাবে সংক্রামিত হতে পারবে না। জিকা সংক্রান্ত দেশগুলো থেকে আগতদের রোগ শনাক্তে আন্তর্জাতিক প্রবেশদ্বারগুলোতে মেডিকেল টিম কাজ করছে। কারো শরীরে এ ভাইরাস শণাক্ত হলে তাকে চিকিৎসকের কাছে নিয়ে যাওয়া এবং ফলোআপসহ সম্পূর্ণ চিকিৎসা ব্যয় সরকার বহন করবে। গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১ ক.৬), **ডেইলি স্টার** (পৃ,১ ক.১)।

৪। **বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন কাঠামো সমস্যার সমাধান খুব শীঘ্রই : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিশ্ববিদ্যালয়সমূহে গতানুগতিক ধারার পরিবর্তে নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে। নুতন নতুন গবেষণা, জ্ঞানচর্চা না হলে সমস্যার সমাধান করা যাবে না। চ্যালেঞ্জকে মোকাবিলা করা যাবে না। বিশ্ববিদ্যালয় থেকে নতুন প্রজন্মকে আধুনিক শিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে যাতে তারা সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ করতে পারে। ভবিষ্যতে নেতৃত্ব দিতে পারে। তিনি বলেন বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মর্যাদার আসনে রাখতে প্রধানমন্ত্রী সচেষ্ট ও আন্তরিক। আশাকরি খুব শীঘ্রই একটি সুন্দর ও সম্মানজনক সমাধান হবে। তিনি গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার খুলনা বিশ্ববিদ্যালয় ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তিকৃত নবাগত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ও নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৬,ক.২)।

৫। **সরকারি ক্রয় প্রক্রিয়া অনলাইনে নিশ্চিত করা হবে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে কর্মসূচি বাস্তবায়নের ফলে জবাবদিহিতা ও স্বচ্ছতা অধিকতর নিশ্চিত হবে। এরই ধারাবাহিকতায় সরকারি টেন্ডার ও ক্রয় প্রক্রিয়া অনলাইনেই করতে হবে। এ কাজটি সুষ্ঠুভাবে সম্পাদনে বিশেজ্ঞদের মতামত গ্রহণ ও সংশ্লিষ্টদের প্রশিক্ষণের ওপর গুরুত্ব দিতে হবে। গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার এনইসি সম্মেলনকক্ষে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট আয়োজিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিকে ই-সিসিপিকে ই-জিপিতে অন্তর্ভুক্তি প্রসঙ্গে আয়োজিত

বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ. ক.১)।



**৬। বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় বেড়ে ১৩১৬ ডলারে দাঁড়িয়েছে**

বাংলাদেশের মানুষের মাথাপিছু বার্ষিক আয় ২ ডলার বেড়ে ১ হাজার ৩১৬ ডলার হয়েছে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, আগে তা ১ হাজার ৩১৪ ডলারে ছিল। গত ২০১৪-১৫ অর্থবছরের তথ্য বিশ্লেষণ করে চূড়ান্ত হিসাবে মাথাপিছু আয়ের এ তথ্য প্রকাশ করা হয়েছে। তার আগের অর্থবছরে এর পরিমাণ ছিল ১ হাজার ১৯০ ডলার। গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার ঢাকার শেরেবাংলা নগরে জাতীয় অর্থনৈতিক পরিষদের (একনেক) বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে পরিসংখ্যান ব্যুরোর হালনাগাদ এ তথ্য তুলে ধরেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৩ ক.৭), **নিউজ টুডে** (পৃ,১ ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১ ক.৫) **জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। জনগণের ওপর পুলিশের অহেতুক কর্তৃত্ব চলবে না : আইজিপি**

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) একেএম শহীদুল হক বলেছেন, জনগণের ওপর পুলিশের অহেতুক কর্তৃত্ব চলবে না। কারণ জনগণের টাকায় পুলিশের বেতন-ভাতা হয়। যেসব থানায় ওসিরা কমিউনিটি পুলিশিং সদস্যদের মূল্যায়ন করবে না, তাদের থানায় থাকার কোনো অধিকার নেই। সেই সঙ্গে থানাকে দালালমুক্ত করতে হবে। দেশের উন্নয়ন করতে হলে জনগণকে সঙ্গে নিয়েই করতে হবে। গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার পুলিশ লাইন্স মাঠে রংপুর কমিউনিটি পুলিশিংয়ের বিভাগীয় সমাবেশে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৪), **যুগান্তর** (পৃ,৩ ক.৬), **ইত্তেফাক** (পৃ,৪ ক.৬), **নিউজ টুডে** (পৃ,৩ ক.২)।

**৮। সংসদীয় কমিটির বৈঠকে তেলের দাম কমানোর জন্য পর্যালোচনার সুপারিশ**

আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম কমে যাওয়ায় অভ্যন্তরীণ বাজারে দাম কমানো যায় কি-না তা পর্যালোচনা করার তাগিদ দিয়েছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এই তাগিদ দেওয়া হয় বলে সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.২), **প্রথম আলো** (পৃ.২ ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.৪),**অবজারভার** (পৃ.১ ক.১)।

**৯। দেশের প্রাথমিক শিক্ষা উন্নয়নে ৩১ কোটি টাকা দেবে জাইকা**

দেশের প্রাথমিক শিক্ষা উন্নয়নে প্রায় ৩১ কোটি ৩৯ লাখ টাকার অনুদান সহায়তা দিচ্ছে জাপান। এ লক্ষ্যে গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একটি চুক্তি হয়েছে। বাংলাদেশের পক্ষে চুক্তিতে সই করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন এবং জাপানের পক্ষে ঢাকায় নিযুক্ত জাইকার চিফ রিপ্রেজেন্টেটিভ মিকিও হাতায়েদা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **নিউজ টুডে** ( পৃ.৩ ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ. ক.৫)।

**১০। এইচএসসি পরীক্ষা ৩ এপ্রিল শুরু**

আগামী ৩ এপ্রিল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে সাধারণ শিক্ষা বোর্ড ও কারিগরি বোর্ডের এইচএসসি এবং মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১ ক.৫), **ডেইলি সান** (পৃ,১ ক.১)।

**১১। বাংলাদেশের ৪৯ শতাংশ স্কুল শিক্ষার্থী সাইবার হয়রানির শিকার হয়**
**: নিরাপদ ইন্টারনেট গবেষণার প্রতিবেদন**

এশীয় অঞ্চলে ইন্টারনেটের অগ্রগতি বিশেষ করে শিক্ষাক্ষেত্রে ইন্টারনেটের বিস্তৃতি এ অঞ্চলের তরুণদের জন্য বিশাল সম্ভাবনার সঙ্গে অনলাইনে শিশুদের নিরাপদে রাখার চ্যালেঞ্জ ও অনলাইনের হুমকি থেকে

তাদের সুরক্ষিত রাখার গুরুত্বও সামনের দিকে চলে এসেছে। শিক্ষার্থীদের অনলাইনে কার্যক্রম ও আচরণবিধি সম্পর্কে আরও ভালভাবে বুঝে উঠতে গতকাল ৯ ফেব্রুয়ারি মঙ্গলবার টেলিনর গ্রুপ নিরাপদ ইন্টারনেটের গবেষণা প্রতিবেদন প্রকাশ করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **প্রথম আলো** (পৃ.৫,ক.২), **ডেইলি স্টার** (পৃ,১ ক.৭), **নিউ নেশন** (শেষ পৃ .ক.৬), **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।



## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, যায়যায়দিন, যুগান্তর :** নারায়ণগঞ্জের চাঞ্চল্যকর সাত খুনের মামলার বিচার শুরু হওয়ায় স্বস্তি প্রকাশ করে এ মামলার বিচার দ্রুত নিস্পত্তি করার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** কারণে অকারণে রাস্তা অররোধ করে জনদুর্ভোগ সৃষ্টিকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার দাবি।

গ. **জনকণ্ঠ :** চট্টগ্রামের সাতকানিয়া উপজেলায় জমি নিয়ে বিরোধে গুলিতে এক ভাই ও ভাইয়ের ছেলের মৃত্যু ও চারজন আহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরণের পারিবারিক সহিংসতা রোধে মানবিক উন্নয়ন ত্বরান্বিত করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ, সমকাল :** শিশু আব্দুল্লাহ হত্যা মামলার প্রধান আসামি মোতাহার হোসেন র‌্যাবের কথিত বন্দুকযুদ্ধে নিহত হওয়ার পরিপ্রেক্ষিতে আইনের শাসন প্রতিষ্ঠায় যে কোনো অপরাধীর ক্ষেত্রে বিচার বহির্ভূত হত্যা বন্ধ করে সুষ্ঠু ও নিরাপদ বিচার বিভাগীয় তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** সুন্দরবনে ডকুমেন্টারি তৈরির সময় তিন ফরাসি সাংবাদিকের কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ব্যবহৃত ক্যামেরযুক্ত যা সুন্দরবনের নিরাপত্তার জন্য হুমকি বলে আশংকা প্রকাশ করে বনবিভাগ কর্তৃক জব্দকৃত ড্রোট ভালোভাবে পরীক্ষাটি নিরীক্ষন করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি স্টার, প্রথম আলো :** বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষার্থীদের কাছ থেকে বাড়তি ফি আদায় ও অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি উভয় ক্ষেত্রে সরকারকে কঠোর হওয়ার পাশাপাশি দায়ী শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করার ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** প্রাথমিক শিক্ষায় শিক্ষিত ও গণগতমানস্পন্ন শিক্ষক নিয়োগ দেওয়াসহ শহর ও গ্রামের সবার জন্য শিক্ষা গ্রহণে সমান সুযোগ সুবিধা নিশ্চিত করার আহ্বান।

জ. **ডেইলি সান, নিউজ টুডে :** জিটুজি পদ্ধতিতে মালয়েশিয়ায় **১৫** লাখ বাংলাদেশি শ্রমিক পাঠানোর সরকারি উদ্যোগকে স্বাগত জানিয়ে এসব শ্রমিকদের নিরাপত্তা ও নিশ্চয়তার ব্যাপারে দূর্তাবাসকে কর্মস্থলের শর্তসমূহ যথাযথভাবে মনিটর করার সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** যশোর জেলার মনিরামপুর উপজেলার ২৬২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫০টি অতি ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় ছাত্রছাত্রীরা গাছতলায় ক্লাস করার চিত্র তুলে ধরে কর্তৃপক্ষকে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা ব্যক্ত।

ঞ. **ফিনানশিয়াল একপ্রেস :** নবায়নযোগ্য জ্বালানি খাতে বিদেশি বিনিয়োগ বাড়াতে সরকারকে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে তরুণদের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনা সঞ্চারিত করতে না পারলে মুক্তিযুদ্ধের চেতনাভিত্তিক দেশ গঠন সহজ হবেনা বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'অভিবাসনের মাধ্যমে নারীর ক্ষমতায়ন'** শিরোনামের নিবন্ধে নাহিদ তন্ময় নারীর ক্ষমতায়ন বাংলাদেশের চলমান উন্নয়নের অগ্রযাত্রাকে আরও শানিত করবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#
ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা